# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
# BANGLADESH WATER DEVELOPMENT BOARD


**ভূমি ও রাজস্বপরিদপ্তর**
পানিভবন, (ব্লক-ই, লেভেল-১) ৭২ গ্রীনরোড, ঢাকা-১২০৫।
ফোনঃ +৮৮ ০২২২২২৩০০৫৬
ই-মেইল ঃ dir.land@bwdb.gov.bd
ওয়েবসাইট : www.bwdb.gov.bd

**Directorate of Land & Revenue**
Pani Bhaban (Block-E, Level-1), 72 Green Road, Dhaka-1205
Phone: + 88 02222230056
E-mail: dir.land@bwdb.gov.bd
Website: www.bwdb.gov.bd


স্মারক নং-৪২.০১.০০০০.২০৩.৭২.০০২.২৩-১৯১

তারিখ- ১৫ চৈত্র ১৪২৯ বঃ। / ২৯ মার্চ ২০২৩ খ্রিঃ।

বিষয় - দেশের কোন ভূমি অব্যবহৃত না রাখা সংক্রান্ত বিষয়ে মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা বাস্তবায়নে বাপাউবো'র অধিগ্রহনকৃত/মালিকানাধীন সাময়িক অব্যবহৃত ভূমির যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ প্রসংগে।

মাননীয় প্রধানমন্ত্রীর সদয় নির্দেশনা অনুযায়ী দেশের এক ইঞ্চি জমিও অব্যবহৃত অবস্থায় রাখা যাবে না। উল্লেখ্য যে, বাপাউবো'র বিভিন্ন প্রকল্প বাস্তবায়নের নিমিত্ত সারাদেশে বাপাউবো'র অধিগ্রহনকৃত/মালিকানাধীন দুই লক্ষ একরের অধিক ভূমি রয়েছে। প্রকল্পের কাজ সমাপ্তির পর উক্ত ভূমির একটি বড় অংশ সাময়িক অব্যবহৃত অবস্থায় রয়ে যায়। প্রকল্প রক্ষণাবেক্ষনের ভবিষ্যৎ কাজে প্রয়োজনীয়তা থাকার কারনে উক্ত ভূমির মালিকানাও বাপাউবো'র কাছেই থেকে যায়। বিশাল আয়তনের ভূমি অব্যবহৃত অবস্থায় থাকা জাতীয় অর্থনীতির জন্য অত্যন্ত ক্ষতিকর। সে কারনে সাময়িক অব্যবহৃত ভূমি বিভিন্ন প্রকার চাষাবাদ/মৎস্যচাষ/অন্যান্য নানাবিধ কাজে ব্যবহারের লক্ষ্যে পানি সম্পদ মন্ত্রণালয়ের অনুমোদনক্রমে পানি উন্নয়ন বোর্ড কর্তৃক সাময়িক ব্যবহার অনুমতি প্রদানের নিমিত্ত নির্দেশিকা প্রনয়নসহ প্রয়োজনীয় নির্দেশনা প্রদান অব্যাহত রয়েছে। বাপাউবো'র মালিকানাধীন সাময়িক অব্যবহৃত জমি ব্যবহার অনুমতি চেয়ে বিভিন্ন ব্যক্তি/প্রতিষ্ঠানের দাখিলকৃত আবেদনের বিষয়ে মাঠ পর্যায় হতে যথাসময়ে কার্যকরী পদক্ষেপ গৃহীত না হওয়ার কারনে প্রতিনিয়ত বাপাউবো'র অধিগ্রহনকৃত/মালিকানাধীন ভূমি বেদখল হওয়ার পাশাপাশি বিভিন্ন ব্যাক্তি ও প্রতিষ্ঠানের নামে সেটেলমেন্ট রেকর্ড হয়ে যাচ্ছে। এতে ভূমির মালিকানা প্রশ্নবিদ্ধ হওয়ার পাশাপাশি বোর্ড তথা সরকার প্রাপ্য রাজস্ব হতে বঞ্চিত হচ্ছে এবং এবিষয়ে বিভিন্ন পওর/পানি বিজ্ঞান বিভাগের বিরুদ্ধে অডিট আপত্তি উত্থাপিত হচ্ছে। বোর্ডের পক্ষে ভূমি ও রাজস্ব পরিদপ্তর হতে সময়ে সময়ে প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করা সত্ত্বেও এবিষয়ে মাঠ পর্যায়ে কার্যকর অগ্রগতি পরিলক্ষিত হচ্ছে না, যা অত্যন্ত দুঃখজনক।

এমতাবস্থায়, জাতীয় স্বার্থে মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা বাস্তবায়নে সারাদেশে বাপাউবো'র অধিগ্রহনকৃত/মালিকানাধীন সাময়িক অব্যবহৃত ভূমির সুষ্ঠু ব্যবহার নিশ্চিত করনের লক্ষ্যে বিধি মোতাবেক বিভিন্ন প্রকার চাষাবাদ/মৎস্যচাষ/অন্যান্য নানাবিধ কাজে সাময়িক ব্যবহার অনুমতি প্রদানের বিষয়ে জরুরী ভিত্তিতে প্রয়োজনীয় কার্যকরী পদক্ষেপ গ্রহনের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো। এবিষয়ে যে কোন ধরনের গাফিলতির দায়-দায়িত্ব সংশ্লিষ্ট কর্মকর্তার উপর বর্তাবে।

এ পত্র প্রেরনে মহাপরিচালক মহোদয়ের সদয় অনুমোদন রয়েছে।

নির্বাহী প্রকৌশলী (সকল)
পওর/পানি উন্নয়ন বিভাগ,
বাপাউবো।

২৯/৩/২০২৩
(মোঃ রেজাউল করিম)
পরিচালক
আইডি নং-৬৭০৩০১০০৪

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে)-
১) প্রধান প্রকৌশলী/অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সকল জোন), বাপাউবো।
২) তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল পওর/পানি উন্নয়ন সার্কেল), বাপাউবো।
৩) সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৪) সিনিয়র সিষ্টেম এনালিষ্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। পত্রটি বাপাউবো'র ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
৫) সহকারী পরিচালক (ভূমি ও রাজস্ব)(সকল পওর/পানি উন্নয়ন সার্কেল), বাপাউবো।
৬) ব্যক্তিগত সহকারী অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/অর্থ/পূর্ব রিজিয়ন/পশ্চিম রিজিয়ন/পরিকল্পনা ও গবেষণা), বাপাউবো, ঢাকা।
৭) সহকারী রাজস্ব কর্মকর্তা (সকল পওর/পানি উন্নয়ন বিভাগ), বাপাউবো।